**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল 8টি কাউন্টির পানি অবকাঠামো প্রকল্পের জন্য 55.4 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

## *আর্থিক সহায়তা মূলধন প্রদান করবে মিউনিসিপ্যালিটিগুলিকে অতি গুরুত্বপূর্ণ পানির মান প্রকল্প গ্রহণ করতে সাহায্য করার জন্য এবং করদাতাদের জন্য সুদের ত্রাণ প্রদান করবে*

## *প্রকল্পগুলি জনস্বাস্থ্য ও পরিবেশের ঝুঁকি হ্রাস করবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে পানি অবকাঠামো উন্নয়ন প্রকল্পসমূহের জন্য 55.4 মিলিয়ন মার্কিন ডলার আর্থিক সহায়তা ঘোষণা করেছেন, এটি নিউ ইয়র্কের পানি ও সিউয়ার ব্যবস্থা হালনাগাদ করতে, পানি দূষণ হ্রাস করতে, এবং অত্যাবশ্যকীয় খাওয়ার পানি সরবরাহের সুরক্ষা করতে সর্বশেষ গৃহীত ব্যবস্থা। নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (Environmental Facilities Corporation, EFC) পরিচালক বোর্ড নিম্ন ব্যয়ের অর্থায়ন এবং পূর্বে ঘোষিত অনুদানসমূহ অনুমোদিত করেছে, ফলে চারটি অতি গুরুত্বপূর্ণ খাওয়ার পানি ও সিউয়ার প্রকল্পের কাজ শুরু করার জন্য প্রয়োজনীয় মূলধনের মিউনিসিপ্যাল অ্যাক্সেসের অনুমোদন পাওয়া গেছে। এছাড়াও বোর্ড ছয়টি সম্পূর্ণ প্রকল্পের জন্য নিম্ন ব্যয়ের দীর্ঘমেয়াদি অর্থায়ন অনুমোদিত করেছে, যা মিউনিসিপ্যালিটিগুলি নিজে থেকেই ঋণ গ্রহণ করলে যেই সুদের হার হতো তার থেকে অপেক্ষাকৃত কম হারে ঋণ ত্রাণ প্রদান করছে।

"পরিষ্কার পানি এবং যথাযথভাবে কাজ করা সিউয়ার ব্যবস্থা পাওয়া প্রত্যেক নিউ ইয়র্কবাসীর প্রাপ্য" **গভর্নর হোকল বলেন।** "এই 55 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগটি শুধু আমাদের পানি অবকাঠামোকে উন্নত করবে না বরং নিউ ইয়র্কজুড়ে আরো স্বাস্থ্যবান সম্প্রদায়ও তৈরি করবে। আমরা আমাদের পানির মান উন্নয়ন করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি স্বাস্থ্যকর ও সমৃদ্ধ ভবিষ্যৎ সমর্থন করতে পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখবো।"

বোর্ডের অনুমোদনের মধ্যে রয়েছে পরিষ্কার পানির স্টেটের আবর্তিত তহবিল (Clean Water State Revolving Fund) এবং খাওয়ার পানির স্টেটের আবর্তিত তহবিল (Drinking Water State Revolving Fund), এবং সেই সাথে পানি অবকাঠামো উন্নয়ন কর্মসূচির (Water Infrastructure Improvement, WIIA) অধীনে ইতিমধ্যে ঘোষিত অনুদানসমূহ। ফেডারেল দ্বিপক্ষীয় অবকাঠামো আইন (Bipartisan Infrastructure Law) থেকে পানি অবকাঠামোর জন্য তহবিল পরিচালনা

করছে EFC স্টেটের আবর্তিত তহবিল কর্মসূচিসমূহের মাধ্যমে। পানি অবকাঠামো অর্থায়ন সুযোগ সম্পর্কে আরো জানতেে EFC-র ওয়েবসাইট ভিজিট করুন।

এই তহবিলের মাধ্যমে, EFC অ্যালবানি মিউনিসিপ্যাল পানি অর্থায়ন কর্তৃপক্ষকে (Albany Municipal Water Finance Authority) একটি অনুদান ও সুদমুক্ত অর্থায়ন প্রদান করবে, যার তহবিল আসবে ফেডারেল দ্বিপক্ষীয় অবকাঠামো আইন এবং একটি স্টেটের পানি অবকাঠামো অনুদান থেকে। 3.75 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি হাডসন নদীর পানিকে পানি বেড়ে যাওয়ার ঘটনায় সিউয়ার অবকাঠামোতে প্রবেশ করা থেকে বিরত রাখবে।

**নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের পরিষ্কার পানি অবকাঠামোতে দেশের শীর্ষস্থানীয় বিনিয়োগ এবং দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের মাধ্যমে উপলভ্য ঐতিহাসিক ফেডারেল তহবিল একত্রিত হয়ে ছোট বড় সম্প্রদায়গুলিকে এমন প্রকল্প শুরু করতে দিচ্ছে যা জনস্বাস্থ্য, জীবনযাত্রার মান এবং পরিবেশের সুরক্ষার জন্য অত্যাবশ্যকীয়। EFC আজকে আনন্দিত আটটি মিউনিসিপ্যালিটি এবং সরকারি কর্তৃপক্ষকে অতি গুরুত্বপূর্ণ পরিষ্কার পানি অবকাঠামো মজবুত করতে প্রয়োজনীয় আর্থিক সমর্থন প্রদান করতে পেরে।"

**নিউ ওয়ার্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার এবং এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের বোর্ড প্রধান ব্যাসিল সেগোস বলেন,** "পানি অবকাঠামো উন্নয়ন, মেরামত এবং প্রতিস্থাপন সম্প্রদায়সমূহকে জনগণ, পরিবেশ এবং আমাদের অর্থনীতির জন্য ক্ষতিকর দূষণের হাত থেকেই রক্ষা করার জন্য অতি গুরুত্বপূর্ণ। আমি গভর্নর হোকল এবং ওয়াশিংটন ডিসিতে নিউ ইয়র্কের অংশীদারদের প্রশংসা করছি মিউনিসিপ্যালিটিগুলিকে এই গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজে সাহায্য করতে এবং নিউ ইয়র্কের পানি পান সুরক্ষিত রাখা নিশ্চিত করতে স্টেট ও ফেডারেল সংস্থান প্রদান করার জন্য।"

**নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন,** "স্টেটের পানি অবকাঠামো উন্নত করতে এইসব অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ সার্বিক সম্প্রদায়ের স্বাস্থ্যে একটি বিনিয়োগ। স্টেটের বয়িষ্ণু পানি সরবরাহ ব্যবস্থা হালনাগাদ করা জনস্বাস্থ্য রক্ষার্থে, পানির মান উন্নত করতে, এবং পুরো নিউ ইয়র্কজুড়ে একটি স্বাস্থ্যকর, পরিচ্ছন্ন পরিবেশের প্রচার করার একটি মৌলিক ব্যবস্থা। আমি এইসব গুরুত্বপূর্ণ অবকাঠামো উন্নয়নে গভর্নর হোকলের দীর্ঘদিনের প্রতিশ্রুতি এবং অর্থনৈতিক সমর্থনের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

**নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন,** "পরিষ্কার খাওয়ার পানি হলো স্বাস্থ্যকর, টেকসই সম্প্রদায়সমূহের ভিত্তি। গভর্নর হোকল পরিষ্কার পানির অবকাঠামোতে বিনিয়োগ করে যাচ্ছেন, যা আগামী প্রজন্মগুলির জন্য পুরো স্টেটের জনস্বাস্থ্য, অর্থনৈতিক বিকাশ এবং জীবনযাত্রার মানকে সমর্থন করবে।"

**সিনেটর চাক শুমার বলেন,** "দ্বিপক্ষীয় অবকাঠামো বিনিয়োগ ও কর্মসংস্থান আইনের (Bipartisan Infrastructure Investment & Jobs Act) অভীষ্ট, প্রভাবশালী ও কর্মসংস্থান সৃষ্টিকারী বিনিয়োগ এখন প্রবাহিত হচ্ছে এম্পায়ার স্টেটের প্রতিটি কোণার সুপ্রাচীন পানি-সিউয়ার ব্যবস্থা হালনাগাদ করার জন্য। অ্যালবানি থেকে ওনিয়ন্টা পর্যন্ত, এই 55 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থ আমাদের বয়িষ্ণু পানি অবকাঠামোতে অতি গুরুত্বপূর্ণ উন্নয়ন কাজ করবে, নিশ্চিত করবে যাতে আমাদের পরিবারের নিরাপদ কাহার পানি থাকে এবং আমাদের নদী ও লেককে সিউয়ার উপচে পড়া থেকে মুক্ত রাখবে। উপরন্তু, এর অর্থ হল চাকরি, চাকরি, চাকরি, নিউ ইয়র্কের জলকে আরও স্বাস্থ্যকর এবং পরিষ্কার করার জন্য দীর্ঘমেয়াদী প্রকল্পগুলির মাধ্যমে আমাদের কমিউনিটিগুলিকে আরও উন্নত করে তুলবে। নিউ ইয়র্কের পুরনো হয়ে যাওয়া জলের পরিকাঠামোয় আমূল পরিবর্তন নিয়ে আসার জন্য এই ঐতিহাসিক যুক্তরাষ্ট্রীয় বিনিয়োগ সরবরাহ করতে পেরে আমি গর্বিত।"

**প্রতিনিধি পল টঙ্কো বলেন,** "অনেক দশকের অবহেলার পর, আমাদের পানি ব্যবস্থা এখন দৈন্যদশায় রয়েছে। কয়েক মিলিয়ন আমেরিকান সেই নিষ্ক্রিয়তার পরিণতি ভোগ করেছে মেইন ভেঙ্গে যাওয়া, ক্ষতিকর দূষক, এবং পরিষ্কার খাওয়ার পানি পাওয়ার সুযোগের ঘাটতির রূপে। অনেক বছর ধরে আমি এই লুকায়িত কিন্তু অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো সংস্কার ও উন্নত করতে চাপ দিয়েছি এবং আমাদের দ্বিপক্ষীয় অবকাঠামো আইন পাশ করানোর কল্যাণে, আমি দীর্ঘদিনের প্রয়োজনীয় ফেডারেল পদক্ষেপ অবশেষে আমাদের সম্প্রদায়গুলিতে পৌঁছাতে দেখতে পেরে গর্বিত।"

**প্রতিনিধি প্যাট রায়ান বলেন,** "আমি অতি গুরুত্বপূর্ণ তহবিল ঘোষণা করতে পেরে গর্বিত যা পুরো অঞ্চলের সম্প্রদায়সমূহকে পরিষ্কার পানি পাওয়ার সুযোগ দিবে এবং সেই সাথে সুদ ত্রাণ প্রদান করবে। এর মধ্যে রয়েছে রেনসেলার ও ওটসেগো কাউন্টির জন্য দশ মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ। যেহেতু আমরা নিউ ইয়র্কবাসীদের জন্য সরবরাহ করা অব্যাহত রাখছি, তাই আমি স্টেট, স্থানীয় এবং যুক্তরাষ্ট্রীয় সরকারের অংশীদারদের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

অর্থায়িত পানি অবকাঠামোর প্রকল্পসমূহের মধ্যে রয়েছে:

**অনুমোদিত পরিষ্কার পানির প্রকল্পসমূহের অর্থায়ন:**

- **অ্যালবানি কাউন্টিতে অ্যালবানি মিউনিসিপ্যাল পানি অর্থায়ন কর্তৃপক্ষ (দুইটি প্রকল্প) -**
  - 1,875,000 মার্কিন ডলার অনুদান এবং 1,875,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদের সুদমুক্ত অর্থায়ন, দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের তহবিল থেকে এবং 937,500 মার্কিন ডলার হাডসন নদীর পানি বেড়ে যাওয়ার ঘটনা এবং নদীমুখে জোয়ার বৃদ্ধির সময়ে নদী থেকে অন্তঃপ্রবাহ প্রতিরোধ করতে সিউয়ার উন্নয়নকাজের পরিকল্পনা, নকশা ও নির্মাণের জন্য।
  - 6,492,198 মার্কিন ডলার দীর্ঘমেয়াদের সুদমুক্ত অর্থায়ন আপার ওয়াশিংটন অ্যাভিনিউ পাম্প স্টেশন নির্মাণের জন্য এবং মেইনের

প্রবাহের দিক পরিবর্তন করতে বাধ্য করে অ্যালবানি কাউন্টির উত্তর বর্জ্যপানির পরিশোধনাগার প্রেরণ এবং হাডসন নদীতে সম্মিলিত সিউয়ার উপচে পড়া হ্রাস করা।

- **ক্লিনটন কাউন্টির চ্যাম্পলেইন গ্রাম** - 2,502,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদের সুদমুক্ত অর্থায়ন এবং 834,000 মার্কিন ডলার WIIA অনুদান, গ্রামের বর্জ্যপানি পরিশোধনাগারের জীবাণুমুক্তকরণ হালনাগাদকরণ এবং ক্যাপিটাল উন্নয়নের জন্য।
- **সারাটোগা কাউন্টির করিন্থ গ্রাম** - 8,177,398 মার্কিন ডলার স্বল্পমেয়াদের সুদমুক্ত অর্থায়ন সংগ্রহ ব্যবস্থার উন্নয়নের জন্য।
- **লিভিংস্টোন কাউন্টি পানি ও সিউয়ার কর্তৃপক্ষ** - 7,652,105 মার্কিন ডলার দীর্ঘমেয়াদের সুদমুক্ত অর্থায়ন, লেকভিল বর্জ্যপানি পরিশোধনাগার প্ল্যান্টের (Lakeville Wastewater Treatment Plant) উন্নয়নের জন্য।
- **ওটসেগো কাউন্টির ওয়ানন্টা সিটি** - 6,749,263 মার্কিন ডলার দীর্ঘমেয়াদের সুদমুক্ত অর্থায়ন শহরের বর্জ্যপানি পরিশোধনাগার প্ল্যান্টের উন্নয়নের জন্য।
- **ওনিডা কাউন্টির রোম শহর (দুইটি প্রকল্প) -**
    - 3,560,913 মার্কিন ডলার দীর্ঘমেয়াদের সুদমুক্ত অর্থায়ন শহরের পানি দূষণ নিয়ন্ত্রণ ফ্যাসিলিটির কঠিন বস্তু ব্যবস্থাপনা উন্নত করার জন্য।
    - 3,116,109 মার্কিন ডলার দীর্ঘমেয়াদের সুদমুক্ত অর্থায়ন পানি দূষণ নিয়ন্ত্রণ ফ্যাসিলিটিতে জীবাণুমুক্তকরণ উন্নত করার জন্য।

**অনুমোদিত পান করার জলের প্রকল্পসমূহ:**

- **লুইস কাউন্টির লোভিল গ্রাম** - 1,333,334 মার্কিন ডলার স্বল্পমেয়াদের সুদমুক্ত অর্থায়ন, 2,666,666 মার্কিন ডলার স্বল্পমেয়াদের বাজার দরে অর্থায়ন, এবং 3,000,000 মার্কিন ডলার WIIA অনুদান, দুইটি ভূপৃষ্ঠের পানির সরবরাহ কুয়া স্থাপন, সংশ্লিষ্ট ট্রান্সমিশন মেইন ও পরিশোধন, এবং গ্রামের বিদ্যমান পানি ফিলট্রেশন প্ল্যান্টের জন্য।
- **রেনসেলার কাউন্টির স্ক্যাঘটিচোক গ্রাম** - 4,681,658 মার্কিন ডলার দীর্ঘমেয়াদের সুদমুক্ত অর্থায়ন, নতুন বিতরণ মেইন, হাইড্রেন্ট, ভালভ স্থাপনের জন্য এবং বিদ্যমান অবকাঠামো প্রতিস্থাপন করতে সেবাদান, একটি বয়িষ্ণু ট্যাংক প্রতিস্থাপন করে একটি নতুন সম্পূর্ণ পানি রাখার ট্যাংক এবং গ্রামের কুয়া থেকে আয়রন ও ম্যাঙ্গানিজ অপসারণ করতে একটি নতুন পানি পরিশোধনাগার।

নিউ ইয়র্ক পরিষ্কার পানি অবকাঠামোতে এর বিনিয়োগ অব্যাহত রেখেছে। নভেম্বরে 4.2 বিলিয়ন মার্কিন ডলারের পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু, এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ বন্ড অ্যাক্ট (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) ভোটারদের অনুমোদন পাওয়ার পর, বয়িষ্ণু পানি অবকাঠামো উন্নত করতে এবং পানির মান উন্নত করতে; সম্প্রদায়সমূহের তীব্র ঝড় ও বন্যা সহ্য করার ক্ষমতা জোরদার করতে; বায়ু দূষণ হ্রাস করতে এবং জলবায়ু পরিবর্তনকারী নিঃসরণ কম করতে; প্রাণীর আবাসস্থল পুনর্বাসন; ঘরের বাইরের স্থান ও স্থানীয় খামার সংরক্ষণ করতে; এবং সংস্থানের 40 শতাংশের লক্ষ্য নিয়ে কমপক্ষে 35 শতাংশ

সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে বিনিয়োগ করার মাধ্যমে সমতা নিশ্চিত করতে অতিরিক্ত ঐতিহাসিক পর্যায়ের তহবিল এসেছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418